



কৃষি বিশ্ববিদ্যালয় : জনৈক শিক্ষকের কটুজির প্রতিবাদে ছাত্রীদের বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করছে -ইত্তেফাক

ছাত্রীদের প্রতি শিক্ষকের অশালীন মন্তব্যে বাকুবিতে তুমুল বিক্ষোভ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বাকুবি'র এক শিক্ষকের অশালীন মন্তব্যের জের ধরে গতকাল মঙ্গলবার এখানে ছাত্রীরা সারাদিন বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। ছাত্রীরা বলেছে, কুরুচিপূর্ণ মন্তব্যকারী শিক্ষক কোন গুরুত্বপূর্ণ পদে বহাল থাকতে পারবেন না এবং কৃষি অনুষদের চতুর্থ বর্ষের ক্লাস ও পরীক্ষা নিতে পারবেন না।

১৮ নভেম্বর বাকুবি'র শিক্ষক ডঃ মোঃ শাহজাহান চতুর্থ বর্ষের ক্লাসে ছাত্রী নিবাসকে 'নিষিদ্ধ পল্লী' আখ্যা দিলে ছাত্রীরা প্রতিবাদ জানায়। ছাত্রীরা হলে গিয়ে স্বাক্ষর অভিযান চালায়। গতকাল সকালে দু'টি ছাত্রী হলের শিক্ষার্থীরা সুলতানা রাজিয়া হলে সমবেত হয়। মিছিল করে ক্যাম্পাস প্রদক্ষিণ ও প্রশাসন ভবনের সামনে অবস্থান নেয়। ভিসি বরাবর স্মারকলিপিতে তারা বলে : শিক্ষককে ক্ষমা চাইতে হবে, ক্লাস ও পরীক্ষা নেয়া থেকে বিরত রাখতে হবে এবং তাকে কোন গুরুত্বপূর্ণ পদে বহাল রাখা যাবে না। ভিসি অফিসে বিক্ষুব্ধ ছাত্রীদের দাবি পূরণ হবে বলে জানায়। এ ব্যাপারে শিক্ষক মোঃ শাহজাহান জানান, বিশ্ববিদ্যালয় ডিজিটাল টিমের সদস্য হিসাবে ছাত্র-ছাত্রীদের জুটি বেধে যত্রতত্র ঘোরাফেরা রোধকল্পে ছাত্রীদের উপর কড়া নজর রাখায় কতিপয় ছাত্রী তার বিরুদ্ধে এই অপপ্রচার চালাচ্ছে। বাকুবি শাখা ছাত্র ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক অভিযুক্ত শিক্ষকের বিচার দাবি করেছেন।